# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৩৯

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/২৪. যুগের কষ্টকাঠিন্য

بَاب شِدَّةِ الزَّمَانِ

আরবী

حَدَّثَنَا يُونُسُ بْنُ عَبْدِ الأَعْلَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِدْرِيسَ الشَّافِعِيُّ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ خَالِدٍ الْجَنَدِيُّ، عَنْ أَبَانَ بْنِ صَالِحٍ، عَنِ الْحَسَنِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " لاَ يَزْدَادُ الأَمْرُ إِلاَّ شِدَّةً وَلاَ الدُّنْيَا إِلاَّ إِدْبَارًا وَلاَ النَّاسُ إِلاَّ شُحًّا وَلاَ تَقُومُ السَّاعَةُ إِلاَّ عَلَى شِرَارِ النَّاسِ وَلاَ الْمَهْدِيُّ إِلاَّ عِيسَى ابْنُ مَرْيَمَ " .

বাংলা

৫/৪০৩৯। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দিনে দিনে বিপদাপদ বৃদ্ধি পেতেই থাকবে। দুনিয়াতে অভাব-অনটন ও দুর্ভিক্ষ বাড়তেই থাকবে এবং কৃপণতা অস্বাবাবিকভাবে বৃদ্ধি পাবে। নিকৃষ্ট লোকেদের উপরই কিয়ামত সংঘটিত হবে। ঈসা ইবনে মরিয়ম (আ)-ই মাহ্দী।

## English

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) said: “Adhering to religion will only become harder and worldly affairs will only become more difficult, and people will only become more stingy, and the Hour will only come upon the worst of people, and the only Mahdi (after Muhammad (ﷺ)) is ‘Eisa bin Maryam.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ ......السَّاعَةُ বাক্যটি ব্যাতিত খুবই দুর্বল। রাওদুন নাদীর ১৪৩, ৬৪৭, যইফাহ ৭৭। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন খালিদ আল-জানাদী সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী, আবু আবদুল্লাহ আল-হাকিম আন-নায়সাবুরী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন,

তিনি মাজহুল বা অপরিচিত। ইবনু আবদুল বার আল-আন্দালাসী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫১৮১, ২৫/১৪৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45004

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন